



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭

Wibesite: www.lalmatiagirlscollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,



স্মারক নং- ৯/০৭ - ৩০৫৯৭

তারিখ: ০৪.১১.২০২৪

২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের মাস্টার্স শেষ পর্বের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ ০৪/১১/২০২৪ খ্রি. তারিখ থেকে শুরু হয়ে ২৭/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ সালের প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২০২০ এবং ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে এফ গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় শুধুমাত্র এফ গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২১ সালের পূর্বে কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই এবং ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসকল শিক্ষার্থী এক বা একাধিক পত্রে এফ গ্রেড পেয়েছে সেসকল শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সালের পরীক্ষায় এফ গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং একই সাথে সি ও ডি গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা ২০২২ সালে পরীক্ষায় উত্তীর্ণ হলে পরবর্তীতে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। ২০২১ সালের পরীক্ষায় সিজিপিএ ২.৫ এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২২ সালে শুধুমাত্র ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের পরীক্ষায় যে সকল কোর্স/পত্রে সি এবং ডি গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব পত্র/কোর্সে সর্বোচ্চ ২টি পত্রে রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এ সকল পরীক্ষা ইনকোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে। ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হলো।

- (ক) কলেজে ফরম জমা ও ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ০৪/১১/২০২৪ থেকে ২৭/১১/২০২৪ খ্রি: পর্যন্ত।
 (খ) ফরম পূরণের সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে -
 মাস্টার্স শেষ পর্বের রেজিস্ট্রেশন কার্ড-এর ফটোকপি এবং সদ্য তোলা দুইকপি পাসপোর্ট সাইজের ছবি।
 (গ) আবেদন ফরমে যাবতীয় তথ্যাদি সঠিক হতে হবে।
 (ঘ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ
১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)	২৫০/-
২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)	১৫০/-
৩	ব্যবহারিক পরীক্ষা ফি (প্রতি পত্র)	২৫০/-
৪	মৌখিক পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী)	২৫০/-
৫	কেন্দ্র ফি (তত্ত্বীয়)	৪৫০/-
৬	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি	২০০/-
৭	টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থী) [বিশ্ববিদ্যালয়ে -১০০/- এবং কলেজে ১৫০/- জমা হবে]	২৫০/-
৮	সমাজকর্ম এবং ভূগোল বিষয়ের মার্চ কর্ম ফি (প্রতি পরীক্ষার্থী) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে	১০০০/-
৯	সাময়িক সনদ ফি (২০১৯ বা ২০২০ সালে যেসব পরীক্ষার্থী ফরম পূরণ করে অংশগ্রহণ করে নাই বা অকৃতকার্য হয়েছে তাদের জন্য প্রযোজ্য নয়)	৩০০/-
১০	ট্রান্সক্রিপ্ট ফি (২০২০ বা ২০২১ সালে যেসব পরীক্ষার্থী ফরম পূরণ করে অংশগ্রহণ করে নাই বা অকৃতকার্য হয়েছে তাদের জন্য প্রযোজ্য নয়)	৫০০/-
১১	ব্যবস্থাপনা ফি	৫০/-

☐ সরকারি পরিপত্র অনুযায়ী ব্যবহারিক পরীক্ষা ফি প্রথম দিন ১৩০/- টাকা, পরবর্তী দিন ৭৫ টাকা এবং চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি ৭৫/- টাকা করে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট পরীক্ষা পরিচালনার জন্য কলেজে প্রদান করতে হবে।

☐ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের সুযোগ নেই।

৫-১১-২০২৪
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

৩/১১/২৪